# ULTRAMOX

## Amoxycillin

**PRESENTATION :**

**Ultramox-500 Capsule :** Each capsule contains Amoxycillin Trihydrate BP equivalent to Amoxycillin 500 mg.

**Ultramox-250 Capsule :** Each capsule contains Amoxycillin Trihydrate BP equivalent to Amoxycillin 250 mg.

**Ultramox Dry Suspension :** Each 5 ml of reconstituted suspension contains Amoxycillin Trihydrate BP equivalent to Amoxycillin 125 mg.

**INDICATION :**

**It is indicated for the treatment of the following bacterial Infections :**

Respiratory tract, ENT infections : Acute and chronic bronchitis, pneumonia, otitis media, sinusitis, tonsillitis, pharyngitis and laryngitis, lobar and bronchopneumonia, chronic bronchial sepsis.

Urinary tract infections : Pyelonephritis, cystitis and urethritis.

Obsteric and gynaecological infections : Bacteriuria in pregnancy, septic abortion, intra-abdominal sepsis and puerperal sepsis.

Gastro-intestinal infections: Typhoid and paratyphoid.

Skin and soft tissue infections : Cellulitis, infected wounds and abscesses.

**Generalized infections :** Septicaemia, bacterial endocarditis, meningitis, peritonitis, and osteomyelitis.

Venereal Infections : Gonorrhoea and syphilis.

**Ultramox** may also be used as prophylactic cover for patients at risk of developing endocarditis when undergoing dental surgery.

**DOSAGE AND ADMINISTRATION :**

Usual adult dosage :

Oral : 250 mg three times daily increasing to 500 mg three times daily for more severe infections.

Usual children dosage :

Oral (2 to 10 years) : Half of the adult dose.

Under 2 years : 1/4 of the adult dose.

Specific dosage recommendation :

Typhoid and paratyphoid :

Adult :4 gm. in divided doses for 14-21 days.

Children : 100 mg/kg/day in divided doses for 14-21 days.

Typhoid carrier state :

3 to 4 gm. in divided doses for a minimum of one month.

Syphilis : 250 mg every 6 hours for 1 month to 5 months according to the stage of the disease and serological response.

Simple acute urinary tract infections :

Short course therapy : 3 mg repeated after 10-12 hours.

Severe or recurrent purulent respiratory infection : 3 gm every 12 hours.

Child 2-5 years : 750 mg every 12 yours 5-10 years :1.5 mg every 12 hours.

Gonorrhoea : A single 3 gm dose with probenecid 1 gm.

Dental abscess : 3 gm repeated after 8 hours.

Severe or recurrent acute otitis media : 3 to 10 years : 750 mg twice a day for two days may be used as an alternative course of treatment.

Prophylaxis of endocarditis : Adults : 3 gm. orally 1 hour before and 6 hours after procedure or anaesthesia and 500 mg. orally 6 hours later.

Children : 5-10 years-half of the adult dose. Under 5 years quarter of adult dose.

**ADMINISTRATION :**

Oral : Using capsule, suspension and paediatric drops.

**CONTRAINDICAION :**

It is contraindicated to patients hypersensitive to penicillin, infectious mononucleosis, neonatal period or babies born of mothers hypersensitive to penicillin.

**PRECAUTIONS :**

In renal impairmant the excretion of antibiotic will be delayed and depending on the degree of impairment it may be necessary to reduce the total daily dose. History of allergy; erythematous rashes common in glandular fever.

**USE IN PREGNANCY & LACTATION :**

Because of its lack of teratogenicity, amoxycillin can be used safely throughout pregnancy, at the normal adult dose. The small amount of amoxycillin secreted in maternal milk rarely causes problems in the infant. It can therefore be used safely during lactation in most instances.

**ADVERSE EFFECTS :**

Adverse effects are mild, rare and infrequent. As with other penicillin they may include diarrhoea, indigestion or skin rashes which usually stop during treatment and rarely calls for discontinuation of therapy.

**DRUG INTERACTION :**

Concurrent administration of probenecid delays and excretion of Amoxicillin.

**PHARMACEUTICAL PRECAUTION :**

**Ultramox** Suspension should be freshly prepared, stored in a cool dry place, preferably in a refrigerator. Reconstituted suspension and drops should be used within 5 days if kept at room temperature or within 7 days if kept in a refrigerator.

**HOW SUPPLIED :**

**Ultramox-500 Capsule :** Box containing 5 x 10 capsules in blister pack.

**Ultramox-250 Capsule :** Box containing 10 x 10 capsules in blister pack.

**Ultramox dry suspension :** Bottle containing dry ingredients to make 100 ml suspension.

*Manufactured by:*

**Globe Pharmaceuticals Ltd.**

Noakhali, Bangladesh.

# আলট্রামক্স

## এমোক্সিসিলিন

**উপস্থাপনা ঃ**

**আলট্রামক্স-৫০০ ক্যাপসুল ঃ** প্রতিটি ক্যাপসুলে আছে এমোক্সিসিলিন ট্রাইহাইড্রেট বিপি যা এমোক্সিসিলিন বিপি ৫০০ মিগ্রা এর সমতুল্য।

**আলট্রামক্স-২৫০ ক্যাপসুল ঃ** প্রতিটি ক্যাপসুলে আছে এমোক্সিসিলিন ট্রাইহাইড্রেট বিপি যা এমোক্সিসিলিন ২৫০ মিগ্রা এর সমতুল্য।

**আলট্রামক্স ড্রাই সাসপেনশন ঃ** সাসপেনশন প্রস্তুতের পর প্রতি ৫ মিলি এ আছে এমোক্সিসিলিন ট্রাইহাইড্রেট বিপি যা এমোক্সিসিলিন ১২৫ মিগ্রা এর সমতুল্য।

**নির্দেশনা ঃ**

এমোক্সিসিলিন সংবেদনশীল জীবাণুঘটিত নিম্নলিখিত সংক্রমণ এর চিকিৎসায় ব্যবহৃত হয়। শ্বাসনালী এবং নাক-কান-গলা এর সংক্রমণঃ তীব্র ও দীর্ঘস্থায়ী ব্রংকাইটিস, নিউমোনিয়া, মধ্যকর্ণের প্রদাহ, সাইনাসের প্রদাহ, টনসিলের প্রদাহ, ফ্যারিংসের প্রদাহ এবং ল্যারিংসের প্রদাহ, লোবার এবং ব্রঙ্কোনিউমোনিয়া, দীর্ঘস্থায়ী ব্রঙ্কিয়াল সেপসিস।

**মূত্রনালীর সংক্রমণ ঃ** বৃক্কের নেফরনের প্রদাহ, মূত্রথলির প্রদাহ, ইউরেথ্রার প্রদাহ।

**যৌননালীর সংক্রমণ ঃ** গর্ভাবস্থায় ব্যাকটেরিউরিয়া, সেপটিক গর্ভপাত, ইন্ট্রা এবডোমিনাল সেপসিস এবং পারপেরাল সেপসিস। পরিপাকনালীর সংক্রমণঃ টাইফয়েড এবং প্যারাটাইফয়েড।

**চর্ম ও নরম কলার সংক্রমণ ঃ** চামড়ার নীচে কোষের প্রদাহ, ক্ষত।

**অন্যান্য সংক্রমণ ঃ** রক্তের সংক্রমণ, এন্ডোকারডিয়াম-এর প্রদাহ, মেনিনজাইটিস, পেরিটোনাইটিস ও ওসটিওমাইলাইটিস। যৌন সংক্রান্ত সংক্রমণঃ গনোরিয়া, সিফিলিস। আলট্রামক্স দাঁতের অস্ত্রোপচারের পরবর্তী এন্ডোকারডিয়ামের প্রদাহের প্রতিরোধের চিকিৎসায়ও ব্যবহার করা হয়।

**ব্যবহার বিধি ও মাত্রা ঃ**

**প্রাপ্ত বয়স্কদের সাধারণ মাত্রা ঃ** মুখে সেব্য ঃ ২৫০ মিগ্রা দিনে ৩ বার এবং তীব্র সংক্রমণের ক্ষেত্রে ৫০০ মিগ্রা দিনে ৩ বার।

**শিশুদের সাধারণ মাত্রা ঃ**

মুখে সেব্য ঃ ২-১০ বৎসর পর্যন্ত ঃ প্রাপ্ত বয়স্কদের মাত্রার অর্ধেক মাত্রা।

২ বৎসর নীচে পর্যন্ত ঃ প্রাপ্ত বয়স্কদের মাত্রার চার ভাগের এক ভাগ সেব্য।

**নির্দিষ্ট অনুমোদিত মাত্রা ঃ**

**টাইফয়েড এবং প্যারাটাইফয়েড ঃ**

**প্রাপ্ত বয়স্ক মাত্রা ঃ** ৪ গ্রাম বিভক্ত মাত্রায় ১৪-২১ দিন পর্যন্ত।

টাইফয়েড বহনকারী অবস্থায় ঃ ৩-৪ গ্রাম বিভক্ত মাত্রায় কমপক্ষে ১ মাস পর্যন্ত।

**সিফিলিস ঃ** ২৫০ মিগ্রা প্রতি ৬ ঘন্টার পর পর ১-৫ মাস পর্যন্ত রোগের অবস্থা অনুযায়ী।

**সাধারণ তীব্র মূত্রনালীর সংক্রমণ ঃ**

স্বল্পকালীন চিকিৎসা ঃ ৩ গ্রাম এর দুইটি মাত্রা এবং ১০-১২ ঘন্টার ব্যবধানে সেব্য।

**মারাত্মক বা পুনরাক্রমণজনিত পুরুলেন্ট শ্বাসনালী প্রদাহে ঃ** প্রতি ১২ ঘন্টা পর ৩ গ্রাম সেব্য।

**শিশু ঃ**

২-৫ বৎসর ঃ ৭৫০ মিগ্রা প্রতি ১২ ঘন্টা পর।

৫-১০ বৎসর ঃ ১.৫ গ্রাম প্রতি ১২ ঘন্টা পর।

**গনোরিয়া ঃ** ৩ গ্রাম একক মাত্রা প্রোবেনেসিড ১ গ্রাম সহ।

**দাঁতের সংক্রমণ হেতু ক্ষত ঃ**

দুইটি ৩ গ্রামের মাত্রা এবং দুইটি মাত্রার মধ্যে ৮ ঘন্টার ব্যবধান।

ভয়াবহ অথবা পুনঃ আক্রান্ত মধ্যকর্ণের প্রদাহ ঃ ৩-১০ বৎসর পর্যন্ত ঃ ৭৫০ মিগ্রা দিনে দুইবার ২ দিন পর্যন্ত বিকল্প চিকিৎসা হিসাবে।

**এন্ডোকারডাইটিসের প্রতিরোধের চিকিৎসায় ঃ**

অস্ত্রোপচারের ১ ঘন্টা পূর্বে এবং ৬ ঘন্টা পরে ৩ গ্রাম করে মুখে সেব্য অথবা ৬ ঘন্টা পরে ৫০০ মিগ্রা মুখে সেব্য।

শিশু ঃ ৫-১০ বৎসর ঃ প্রাপ্ত বয়স্কদের মাত্রার অর্ধেক।

৫ বৎসরের নীচে ঃ প্রাপ্ত বয়স্কদের মাত্রার এক চতুর্থাংশ।

**সেবন বিধি ঃ**

মুখে সেব্য ঃ ক্যাপসুল, সাসপেনশন এবং শিশুদের ড্রপস্ ব্যবহার্য।

**অনুপযোগিতা ঃ**

যে সমস্ত রোগী পেনিসিলিন এর প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে ব্যবহার করা যাবে না। ইনফেকশাস মনোনিউক্লিওসিস, সদ্য প্রসূত শিশু এবং প্রসূতি মায়েদের যারা পেনিসিলিন-এর প্রতি অতিসংবেদনশীল তাদের ক্ষেত্রে এটা অনুপযোগী।

**গর্ভাবস্থা ও স্তন্যদান কালে ব্যবহার ঃ**

টেরাটোজেনেসিটি দেখা দেয় না বলে গর্ভাবস্থায় সাধারণতঃ বয়স্ক মাত্রায় এমোক্সিসিলিন নিরাপদে ব্যবহার করা যায়। মায়ের দুধে সামান্য পরিমাণ এমোক্সিসিলিন শিশুদের কদাচিৎ সামান্য সমস্যা সৃষ্টি করে। এজন্য স্তন্যদানের অধিকাংশ সময়ে ইহা নিরাপদে ব্যবহৃত হয়।

**সাবধানতা ঃ**

বৃক্কের অসুবিধায় এন্টিবায়োটিক এর নিঃসরণ বিলম্বিত হয় এবং এই বিঘ্নিত হওয়ার মাত্রার উপর নির্ভর করে দৈনিক মাত্রা প্রয়োজনে কমানো যেতে পারে। এলার্জির ইতিহাস, ইরিথেমেটাস র‍্যাশ যা সচরাচর গ্লান্ডুলার ফিভার এ হয়।

**পার্শ্ব-প্রতিক্রিয়া ঃ**

কিছু কিছু পার্শ্ব-প্রতিক্রিয়া কদাচিৎ দেখা যায়। অন্যান্য পেনিসিলিন এর মতো উদারাময়, বদহজম অথবা চামড়ায় ফুসকুড়ি দেখা দিতে পারে যা চিকিৎসা চলাকালীন সময়ে বন্ধ হয়ে যায় এবং কদাচিৎ এর জন্য চিকিৎসা বন্ধ করতে বলা হয়।

**ড্রাগ ইন্টারএকশন ঃ**

প্রোবেনেসিড এর সাথে একত্রে সেবন করলে এমোক্সিসিলিন এর রেচন বিলম্বিত হয়।

**ফার্মাসিউটিক্যালস্ সাবধানতা ঃ**

পরিস্কার পানিতে সাসপেনশন প্রস্তুতের পর এটা ঠান্ডা এবং শুষ্ক স্থানে এবং সম্ভব হলে রিফ্রেজারেটরে রাখা উচিত। সাসপেনশন এবং ড্রপস্ প্রস্তুতের পর ঘরের তাপমাত্রায় ৫ দিন পর্যন্ত এবং রিফ্রেজারেটরে ৭ দিন পর্যন্ত রেখে ব্যবহার করা যেতে পারে।

**সরবরাহ ঃ**

**আলট্রামক্স-৫০০ ক্যাপসুল ঃ** প্রতি বাক্সে আছে ৫ x ১০ ক্যাপসুল ব্লিষ্টার প্যাকে।

**আলট্রামক্স-২৫০ ক্যাপসুল ঃ** প্রতি বাক্সে আছে ১০ x ১০ ক্যাপসুল ব্লিষ্টার প্যাকে।

**আলট্রামক্স ড্রাই সাসপেনশন ঃ** ১০০ মিলি সাসপেনশন তৈরীর জন্য প্রয়োজনীয় শুষ্ক পাউডার বোতলে।

*প্রস্তুতকারকঃ*

**গ্লোব ফার্মাসিউটিক্যালস্ লিমিটেড**

নোয়াখালী, বাংলাদেশ